গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
www.mowr.gov.bd

বর্তমান সার্বিক পরিস্থিতি বিবেচনায় বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়সহ মন্ত্রণালয়ের ব্যয় কমাতে নানামুখী পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে অনুষ্ঠিত জরুরি সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সিনিয়র সচিব
সভার তারিখ	২০ জুলাই ২০২২
সভার সময়	বিকাল ৩.৩০ ঘটিকা।
স্থান	সভাকক্ষ, পানি ভবন, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
উপস্থিতি	পরিশিষ্ট-ক-তে সংযুক্ত।

বর্তমান সার্বিক পরিস্থিতি বিবেচনায় বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়সহ মন্ত্রণালয়ের ব্যয় কমাতে নানামুখী পদক্ষেপ গ্রহণের বিষয়ে পানি সম্পদ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা এবং অধীনস্ত সংস্থাসমূহের উর্ধ্বতন কর্মকর্তাগণের উপস্থিতিতে এক জরুরি সভা অনুষ্ঠিত হয়। সভায় পানি উন্নয়ন বোর্ডের পানি ভবনসহ মাঠ পর্যায়ের সকল দপ্তর/বিভাগ এবং অন্যান্য সংস্থার বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ের লক্ষ্যে করণীয় বিষয় সম্পর্কে বিস্তাবিত আলোচনা করা হয়। সভাপতি পরিচালন ও উন্নয়ন বাজেটের কতিপয় ব্যয় স্থগিত/হ্রাসকরণে অর্থ বিভাগ থেকে জারীকৃত পরিপত্র যথাযথভাবে পালনের নির্দেশনা প্রদান করেন। সভায় অতিরিক্ত সচিব (উন্নয়ন) পাসম বলেন, পানি ভবনের সেন্ট্রাল এসির কারণে বিদ্যুৎ ব্যয় বেশি হয় । এ ক্ষেত্রে দুই ঘন্টা অন্তর এক ঘণ্টা পানি ভবনের এসি চালু রাখা যেতে পারে এবং রেজিস্টারে এন্ট্রি করে এসি চলার তথ্য সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলের নির্দেশনা প্রদান করা যেতে পারে। সভায় অতিরিক্ত সচিব (প্রশাসন) পাসম, অফিস ত্যাগ করার সময় লাইট,ফ্যান বন্ধ করার বিষয়ে সচেতন থাকার বিষয়টি তুলে ধরেন। সভায় মহাপরিচালক বাপউবো বলেন, বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে সেন্ট্রাল এসি এর থার্মোস্ট্যাটযুক্ত অংশের তাপমাত্রা ২৬ ডিগ্রিতে রাখা, করিডোরের লাইট এবং পানি ভবন ক্যাম্পাসের গার্ডেন এর লাইটসমূহ বন্ধ রাখাসহ বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

২। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	কর্মসূচী	বাস্তবায়নে
০১.	সেন্ট্রাল এসি এর থার্মোস্ট্যাটযুক্ত অংশের তাপমাত্রা ২৬ ডিগ্রিতে রাখতে হবে। এসির তাপমাত্রা ২৬ ডিগ্রির নিচে নামানো যাবেনা এবং দুই ঘন্টা অন্তর এক ঘন্টা সেন্ট্রাল এসি চালু রাখতে হবে।	পাসম ও বাপাউবো
০২.	পানি ভবনের সবগুলো করিডোরের লাইট এবং পানি ভবন ক্যাম্পাসের গার্ডেন এর লাইটসমূহ বন্ধ রাখতে হবে।	বাপাউবো
০৩.	কক্ষসমুহের ডেস্ক এর উপরে অবস্থিত লাইট ব্যতিত অন্য সকল লাইট যথাসম্ভব বন্ধ রাখতে হবে।	বাপাউবো।
০৪.	অফিস ত্যাগের সময় লাইট,ফ্যান এবং এসি বন্ধ রাখতে হবে	পাসম ও সকল সংস্থা
০৫.	পানি ভবনের ভিতরে আলো প্রবেশের সুবিধার্থে গ্লাসে লাগানো ফ্রোস্টেড পেপার খুলে স্বচ্ছ করতে হবে এবং দিনের বেলায় সূর্যের আলোর সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে হবে।	বাপাউবো
০৬.	পানি ভবনে ৩টি লিফট চালু রেখে বাকি সব লিফট বন্ধ রাখার বিষয়ে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডকে নির্দেশনা প্রদান ।	বাপাউবো

০৭.	আলো প্রবেশের সুবিধার্থে কক্ষসমূহের জানালার screen সরিয়ে রাখতে হবে।	পাসম ও সকল সংস্থা
০৮.	ইলেক্ট্রিক কেটলি, ওভেন ইত্যাদির ব্যবহার সম্পূর্ণভাবে বন্ধ রাখতে হবে।	পাসম ও সকল সংস্থা
০৯.	সকাল ৯.০০ টায় অফিসের কার্যক্রম শুরু করে নির্ধারিত সময় বিকাল ৫.০০ টায় অফিস ত্যাগ করতে হবে।	পাসম ও সকল সংস্থা
১০.	ব্যক্তিগত কাজে অফিসের গাড়ী ব্যবহার থেকে বিরত থাকতে হবে।	পাসম ও সকল সংস্থা
১১.	জ্বালানী সাশ্রয়ের লক্ষ্যে একই গাড়ীতে স্থান সংকুলান অনুযায়ী কর্মকর্তাগণের অফিসে যাতায়াতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সকল সংস্থা
১২.	মাঠ পর্যায়ে প্রকল্প/সাইট পরিদর্শনে একাকী গাড়ী ব্যবহার কমাতে হবে	সকল সংস্থা
১৩.	প্রশিক্ষণ কোর্সের সংখ্যা কমাতে হবে।	পাসম ও সকল সংস্থা
১৪.	সভাসমূহ যথাসম্ভব অনলাইনে করতে হবে।	পাসম ও সকল সংস্থা
১৫.	পানি সম্পদ মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের সমন্বয়ে একটি মনিটরিং টিম গঠন করতে হবে।	প্রশাসন-২ শাখা পাসম

০৩। অন্য কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সিনিয়র সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩২.৯৯.০৭৭.১৯.৩৯৩

তারিখ: ৯ শ্রাবণ ১৪২৯
২৪ জুলাই ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
২) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
৩) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
৪) মহাপরিচালক , বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
৫) মহাপরিচালক , পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
৬) মহাপরিচালক, নদী গবেষণা ইনস্টিটিউট
৭) ..... সকল কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮) সদস্য, সদস্য এর দপ্তর , যৌথ নদী কমিশন, বাংলাদেশ
৯) নির্বাহী পরিচালক, সিইজিআইএস, বাড়ী নং-৬,সড়ক নং-২৩/সি, গুলশান-১, ঢাকা।
১০) নির্বাহী পরিচালক, আই ডব্লিউ এম, প্লট নং-০৬, রোড নং-৩/সি, ব্লক-এইচ, সেক্টর-১৫, উত্তরা, ঢাকা।
১১) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১৩) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
১৪) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের

অনুরোধসহ)

শাহীন আক্তার
উপসচিব